

Bangladesh



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.lgd.gov.bd



শেখ হাসিনার স্মরণার্থে
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৭.১০৪.১২-২৬৪

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩০।
২২ জুন ২০২৩।

বিষয়: চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলা পরিষদ চেয়ারম্যানের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে ব্যাখ্যা প্রদান।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ-এর স্মারক নং-৩০১; তারিখ: ২০ জুন ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ থেকে প্রাপ্ত পত্রের ছায়াছবি এ সাথে প্রেরণ করা হলো। চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মো: রাব্বুল হোসেন'র কটুক্তি, কুরুচিপূর্ণ, মানহানীকর এবং নারীর ক্ষমতায়ন কে অবমূল্যায়নকর বক্তব্য প্রদানের অভিযোগটি অসদাচরণ বা ক্ষমতার অপব্যবহারের শামিল হওয়ায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৩(১)(খ) ও (গ) ধারা অনুযায়ী কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:..... পাতা।

(ড. মাসুরা বেগম)
উপসচিব

ফোন: ০২-২২৩৩৮২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd

জনাব মো: রাব্বুল হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৩। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।